# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫০৫

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

## আরবী

وَعَنْ أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ لَعِبَ بِالنَّرْدِ فَقَدْ عَصَى اللَّهَ وَرَسُولَهُ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُد

## বাংলা

৪৫০৫-[১৭] আবূ মূসা আল আশ্‌’আরী (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি নারদ খেলল, সে আল্লাহ ও তাঁর রসূল-এর নাফরমানী করল। (আহমাদ ও আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] হাসান : আবূ দাঊদ ৪৯৩৮, ইবনু মাজাহ ৩৭৬২, ইরওয়া ২৬৭০, সহীহুল জামি‘উস্ সগীর ৬৫২৯, সহীহ আল আদাবুল মুফরাদ ৫৪০, মুওয়াত্ত্বা মালিক ৩৫১৮, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী ৬১৫৩, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৬৫৩, আহমাদ ১৯৫২১, মুসনাদে আবূ ইয়া'লা ৭২৯০, সহীহ ইবনু হিব্বান ৫৮৭২, শু‘আবুল ঈমান ৬৪৯৮, মুসতাদরাক লিল হাকিম ১৬০।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مَنْ لَعِبَ بِالنَّرْدِ فَقَدْ عَصَى اللهَ وَرَسُولَهٗ) যারা নারদ বা গুটি খেলবে তারা আল্লাহ ও তার রসূলের নাফরমানী করবে। যেহেতু এটা এক প্রকার জুয়া খেলা। এটা সর্বসম্মতিক্রমে হারাম যেমনটি ইতিপূর্বে বলা হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🔲 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75229

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন